২৬/১০/২০০০

দৈনিক ইত্তেফাক

তারিখ ...............
পৃষ্ঠা ২৪ কলাম ... ৬.....

# শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাষ্টের কমিটি পুনর্গঠনের দাবী

শিক্ষক কর্মচরী ঐক্যজোট নেতৃবৃন্দ গত শনিবার এক যুক্ত বিবৃতিতে শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাষ্টের অবৈধ কমিটি বাতিল করিয়া তাহা পুনর্গঠনের দাবী জানাইয়াছেন। নেতৃবৃন্দ বলেন, সাবেক শিক্ষামন্ত্রী এ এসএইচ কে সাদেক কল্যাণ ট্রাষ্টকে দলীয়করণ করিয়া বেতনের সরকারী অংশ পান না এমন শিক্ষক নেতাকে নিয়ম-বহির্ভূতভাবে ট্রাষ্টের সদস্য করিয়াছিলেন। কারণ, তিনি থানা আওয়ামী লীগ সভাপতি। ২৪শে আগষ্ট ২০০০ কতিপয় শিক্ষক নেতা শিক্ষক স্বার্থ বিরোধী ৯ দফা চুক্তিতে স্বাক্ষর করেন। উল্লিখিত ৯ দফা চুক্তি প্রণয়নকারী শিক্ষক সমাজে অবাঞ্ছিত ব্যক্তিকে ট্রাষ্টের সদস্য সচিব করিয়া দলীয়করণের যে নীল-নকশা করা হইয়াছিল তাহাও বাতিলের দাবী জানান হয়। বিবৃতিতে স্বাক্ষর করেন ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া, জোটভুক্ত শিক্ষক সমিতির সভাপতি কাজী আঃ রাজ্জাক, জমিয়াতুল মোদাররেছীনের মহাসচিব এম এ লতিফ, অধ্যক্ষ পরিষদের মহাসম্পাদক অধ্যক্ষ মাযহারুল হান্নান প্রমুখ।